শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৩৬.১৭-৩৪৮

তারিখঃ ২৫ আষাঢ় ১৪২৬
০৯ জুলাই ২০১৯

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৮২৯৩/২০০৭ এর আদেশের প্রেক্ষিতে পদ সংরক্ষিত রেখে নিয়োগ প্রক্রিয়া চালুকরণ বিষয়ে উচ্চ আদালতের নির্দেশনা গ্রহণ।

সূত্র: কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.০৩.০০০০.০৩৬.০৪.০১৪.১৭.TSC (১৫).১৪৭৩ তারিখ: ০১.০৭.২০১৯ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন সৃষ্ট রিনোভেশন এন্ড রিঅর্গানাইজেশন শীর্ষক প্রকল্পের আওতায় নিয়োগপ্রাপ্ত ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউট, সিলেট এর গার্ড জনাব হানিফ মজুমদার গং (০৩ জন) কর্তৃক তাঁদের চাকুরি নিয়মিতকরণ/আত্মীকরণের দাবী করে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৮২৯৩/২০০৭ দায়ের করা হয়।

০২। উক্ত মামলায় মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক গত ১৩.০৪.২০১৭ খ্রি. তারিখে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি পিটিশনারগণকে রাজস্ব বাজেটে চাকুরির ধারাবাহিকতা ও চাকুরি সংক্রান্ত অন্যান্য সুবিধাসহ নিয়মিতকরণ/আত্মীকরণের নির্দেশনা প্রদান করা হয় এবং পিটিশনারগণকে তাদের অনুরূপ/সমমান পদের প্রয়োজনীয় যোগ্যতা থাকলে আত্মীকরণ না করা পর্যন্ত ভবিষ্যতে কোন নিয়োগ প্রক্রিয়া গ্রহণ করা যাবে না মর্মে রায়ে উল্লেখ করা হয়। রায়টি নিম্নরূপ:

Accordingly, the concerned authorities are directed to regularize/absorb the petitioners under the revenue budget with continuity of service and other benefits of the petitioners and shall not make any recruitment in future untill the writ petitioners are absorbed provided that they have requisite qualification/or not otherwise disqualified subject to availability of the same/equivalent posts as admissible in law as expeditiously as possible under the department of Technical Education. The respondents are also directed to pay the salaries and other benefits for the period of rendition of their service.

With the above observations and directions, the Rule is disposed of.

০৩। উক্ত রিট মামলার রায়ের বিরুদ্ধে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগে আপীল নং--৪৭৭৯/২০১৮ দায়ের করা হয় (প: পৃ: ১০৭)। মহামান্য চেম্বার আদালতে গত ২১.০১.১৯ খ্রি. তারিখে উক্ত মামলার রায়ের বিরুদ্ধে স্থগিতাদেশ প্রার্থনা করে আবেদন করলে মহামান্য আদালত কর্তৃক "Let the leave petition be posted for hearing in list on 24th February, 2019" আদেশ প্রদান করা হয়। আপীল মামলাটি বর্তমানে বিচারাধীন রয়েছে।

০৪। রিট পিটিশন নং-৮২৯৩/২০০৭ এর ১৩.০৪.১৭ খ্রি. তারিখের রায় বাস্তবায়ন না হওয়ায় পিটিশনারগণ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-৭৯/২০১৮ দায়ের করা হয়।

০৫। উক্ত কনটেম্পট মামলায় মহামান্য আদালত কর্তৃক গত ০৮.০৫.১৯ খ্রি. তারিখের আদেশের বিরুদ্ধে TMED এর বিজ্ঞ আইনজীবীর মাধ্যমে আপীল নং-১৫০০/১৯ এর প্রেক্ষিতে মহামান্য চেম্বার আদালত গত ১২.০৫.১৯ খ্রি. তারিখে নিম্নরূপ আদেশ প্রদান করা হয়:

"Let the Leave petition be posted for hearing in the list on 16th June, 2019 and stay, as prayed for, is granted till that date.

০৬। উল্লেখ্য, রিট পিটিশন নং-৮২৯৩/২০০৭ মামলায় গত ১৩.০৪.১৭ খ্রি. তারিখের রায়ের প্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তরের রাজস্বখাতভুক্ত পিটিশনারগণের অনুরূপ/সমমানের শূন্য পদে নিয়োগ প্রদান প্রক্রিয়া স্থগিত রয়েছে। এর ফলে তীব্র জনবল সংকটের কারণে প্রতিষ্ঠানসমূহের স্বাভাবিক কার্যক্রম পরিচালনা ব্যাহত হচ্ছে।

০৭। এ অবস্থায়, পিটিশনারগণের জন্য পদ সংরক্ষিত রেখে রিট পিটিশনারগণের স্বার্থ ক্ষুন্ন না করে অবশিষ্ট শূন্য পদগুলোতে নিয়োগ প্রক্রিয়া চালু রাখার জন্য মহামান্য আপীল বিভাগের অনুমতি প্রাপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক TMED কে অনুরোধ করা হয়।

০৮। যেহেতু রিট পিটিশন নং-৮২৯৩/২০০৭ মামলায় গত ১৩.০৪.১৭ খ্রি. তারিখের রায়ের প্রেক্ষিতে DTE এর রাজস্বখাতভুক্ত পিটিশনারগণের অনুরূপ/সমমানের শূন্য পদে নিয়োগ প্রদান প্রক্রিয়া স্থগিত থাকায় তীব্র জনবল সংকটের কারণে প্রতিষ্ঠানসমূহের স্বাভাবিক কার্যক্রম পরিচালনা ব্যাহত হচ্ছে সেহেতু রিট পিটিশনারগণের স্বার্থ ক্ষুন্ন না করে অবশিষ্ট শূন্য পদগুলোতে নিয়োগ প্রক্রিয়া চালু রাখার জন্য বর্তমান কী করণীয় তা নির্ধারণের জন্য বিজ্ঞ কৌসুলীর মতামত গ্রহণ করা আবশ্যক।

০৯। এমতাবস্থায়, কারিগরি শিক্ষা অধিপ্তরের বিভিন্ন প্রতিষ্ঠানসমূহের স্বাভাবিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত রিট পিটিশন নং-৮২৯৩/২০০৭ মামলায় গত ১৩.০৪.১৭ খ্রি. তারিখের রায়ের প্রেক্ষিতে পিটিশনারগণের স্বার্থ ক্ষুন্ন না করে অবশিষ্ট শূন্য পদগুলোতে নিয়োগ প্রক্রিয়া চালু রাখার লক্ষে বর্তমান কী করণীয় তা নির্ধারণের বিষয়ে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, প্রদত্ত মতামতে আইন/বিধি/উচ্চ আদালতের সিদ্ধান্তের রেফারেন্স থাকলে ভাল হয়।

(নূরজাহান বেগম)
সিনিয়র সহকারী সচিব

জনাব এস.কে সফিক মাহমুদ পুস্প
বিজ্ঞ কৌসুলি বাংলাদেশ সুপ্রীম কোর্ট, চেম্বার নং-বি-১ (৬ষ্ঠ তলা),
অজিত কো-অপারেটিভ কমপ্লেক্স, ২০৪ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরনি, (পুরাতন বিজয়নগর), ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৩৬.১৭-৩৪৮/১(৫)

তারিখঃ ২৫ আষাঢ় ১৪২৬
০৯ জুলাই ২০১৯

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ আদেশটি ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪। অতিরিক্ত সচিব (প্রশা: ও উন্ন:/কারিগরি/মাদ্রাসা/) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬। অফিস কপি/মাস্টার কপি।

০৯.০৭.১৯

(নূরজাহান বেগম)
সিনিয়র সহকারী সচিব